

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫০৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামত নিকটবর্তী হওয়া এবং যে ব্যক্তি মৃত্যুবরণ করল তখন হতেই তার কিয়ামত সংঘটিত হয়ে গেল।

الفصل الاول (بَابُ قُرْبِ السَّاعَةِ وَأَنَّ مَنْ مَاتَ فَقَدْ قَامَت قِيَامَته)

আরবী

عَن شعبةَ عَن قَتَادَة عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْنِ» . قَالَ شُعْبَةُ: وَسَمِعْتُ قَتَادَةَ يَقُولُ فِي قَصَصِهِ كَفْصل إِحْدَاهُمَا عَلَى الْأُخْرَى فَلَا أَدْرِي أَذَكَرَهُ عَنْ أنس أَو قَالَه قَتَادَة؟ مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6504) و مسلم (133 / 2951)، (7404) ـ مُتَّفق عَلَيْهِ)

বাংলা

কিয়ামতকে (السَّاعَة) অর্থেও ব্যবহৃত হয়, যেহেতু তা হঠাৎ সংঘটিত হবে। আর তা মুহূর্তের মধ্যে সংঘটিত হবে যদিও তা দীর্ঘসময় ধরে হওয়া সম্ভব। আল্লামাহ্ তুরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেন, (السَّاعَة) দ্বারা সময়ের একটি অংশকে বুঝায় এবং কিয়ামত অর্থেও ব্যবহৃত হয়। আল্লাহর কিতাব ও রাসূল (সা.) -এর সুন্নাতে শব্দটি তিনটি প্রকারে বিভক্ত হয়ে ব্যবহৃত হয়েছে। প্রথমত (الْكُبْرَى) কিয়ামতে কুবরা বলতে সমস্ত মানুষকে হিসাবের জন্য পুনরুখান করাকে বুঝানো হয়েছে। দ্বিতীয়ত (الْوُسْطَى) বা মধ্যম কিয়ামত বলতে শিঙ্গা ফুংকারের মাধ্যমে মৃত্যুকে বুঝানো হয়েছে এবং (الصُّغْرَى) বা ছোট কিয়ামত বলতে মৃত্যুকে বুঝানো হয়েছে। তাই কিয়ামত বলতে উক্ত তিন প্রকারকে বুঝানো হয়েছে অথবা শুধু মৃত্যুকে বুঝানো হয়েছে। আল্লাহর সর্বাধিক ভালো জানেন।

৫৫০৯-[১] শু'বাহ্ (রহিমাহুল্লাহ) কতাদাহ্ (রহিমাহুল্লাহ) থেকে, তিনি আনাস (রাঃ) হতে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমি ও কিয়ামত এ দুটি অঙ্গুলির মতো প্রেরিত হয়েছি। শু'বাহ্ (রহিমাহুল্লাহ)



বলেন, আমি কতাদাহ্-কে বলতে শুনেছি, তিনি এ হাদীসটি ব্যাখ্যা প্রসঙ্গে বলেছেন, যেমন মধ্যমা ও তর্জনী (শাহাদাত) অঙ্গুলির মাঝে একটি অন্যটি হতে কিছু বর্ধিত। অতঃপর শু'বাহ (রহিমাহুল্লাহ) বলেন, আমি বলতে পারি না, এ ব্যাখ্যাটি কি কতাদাহ (রহিমাহুল্লাহ) আনাস (রাঃ) হতে শুনে বলেছেন, নাকি কতাদাহ নিজেই বলেছেন। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ৬৫০৪, মুসলিম ৪৩-(৮৬৭), তিরমিয়ী ২২১৪, নাসায়ী ১৫৭৮, ইবনু মাজাহ ৪৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৫০, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ১৭৭১, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ১১৬৬, মুসনাদে বায়্যার ৪২৯৪, মুসনাদে আহমাদ ২১০৮১, আবূ ইয়া'লা ৩১৪৬, সহীহ ইবনু হিব্বান ১০, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১৭৮৬, দারিমী ২৭৫৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৫৮৫৫, আল মু'জামুল আওসাত্ব ৪৯৬৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬০০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা:(بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْن) আমি প্রেরিত হয়েছি এবং কিয়ামত হাতের দুই আঙ্গুলের ন্যায় কাছাকাছি সময়ে। কাষী ইয়ায (রহিমাহুল্লাহ) বলেন, আমার দুনিয়ার আগমন এবং কিয়ামত সংঘটিত হওয়ার ব্যবধান খুবই কাছাকাছি। যেমন হাতের দুই আঙ্গুলের মধ্যে দূরত্বের ব্যবধান। অর্থাৎ শাহাদাত অঙ্গুলি ও মধ্যমা অঙ্গুলির মধ্যে যত্টুকু ব্যবধান তত্টুকু।

অথবা এর মর্ম হচ্ছে, রাসূলুল্লাহ (সা.) -এর আবির্ভাব এবং কিয়ামত সংঘটিত হওয়ার দাবী করার মাঝে কোন ব্যবধান নেই। যেমন হাতের দুই আঙ্গুলের মঝে কোন কিছুর ব্যবধান নেই।

মিরকাত ভাষ্যকার আরেকটি মতামত দিয়েছেন, আর তা হলো রাসূলুল্লাহ (সা.) -এর শারী'আত কিয়ামতের সাথে সংলগ্ন। কিয়ামতের পূর্বে ইসলাম ছাড়া অন্য কোন শারী'আত দ্বারা পৃথক করা

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন